



স্মারক নম্বর- ৩৮.০১.০০০০.১০৭.৩৭.০১৬.২১ । ১৫৩২

তারিখ: ১০ আগস্ট ১৪২৯  
২৫ সেপ্টেম্বর ২০২২

বিষয়: সরকারী প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ) অনুসরণ।

সূত্র: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ১৩/০৯/২০২২ ইং তারিখের ৩৮.০১.০০০০.১১.০৬.০১৪.২১-২০৩ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক “সরকারী প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ পরিমার্জিত সংস্করণ জারি করা হয়েছে। উক্ত নির্দেশিকায় সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সরকারী প্রতিষ্ঠান এবং কর্মচারীগণের করণীয় ও বর্জনীয় নির্ধারণ করা এবং এ ক্ষেত্রে প্রয়োজনীয় নিরাপত্তা ও গোপনীয়তা নিশ্চিত করার বিষয়ে উল্লেখ করা হয়েছে।

২। উল্লেখিত নির্দেশিকায় সামাজিক মাধ্যমে দাঙ্গরিক এবং ব্যক্তিগত একাউন্ট তৈরি করা এবং এতে পরিহারযোগ্য বিষয়াদি উল্লেখ রয়েছে। নির্দেশনার আলোকে তার দণ্ডরাধীন কর্মচারীগণকে সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যবহারের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

- ক. সামাজিক যোগাযোগের বিভিন্ন মাধ্যমে সরকার বা রাষ্ট্রের ভাবমূর্তি ক্ষুম হয় এমন কোন পোষ্ট, ছবি, অডিও বা ভিডিও আপলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে;
- খ. জাতীয় এক্য ও চেতনার পরিপন্থী কোন রকম তথ্য উপাত্ত প্রকাশ করা থেকে বিরত থাকতে হবে;
- গ. কোন সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগতে পারে এমন বা ধর্মনিরপেক্ষতার নীতি পরিপন্থী কোন তথ্য উপাত্ত প্রকাশ করা যাবে না। সাম্প্রদায়িক সম্প্রতি বিনষ্ট বা আইন শৃঙ্খলার অবনতি ঘটতে পারে এরপে কোন পোষ্ট, ছবি, অডিও, ভিডিও আপলোড কমেন্ট লাইক শেয়ার করা থেকে বিরত থাকতে হবে;
- ঘ. জাতীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি, প্রতিষ্ঠান বা অন্য কোন সার্ভিস/পোশাক হেয় প্রতিপন্থ করে এমন কোন পোষ্ট দেয়া থেকে বিরত থাকতে হবে;
- ঙ. লিঙ্গ বৈষম্য বা এ সংক্রান্ত বিতর্কমূলক কোন তথ্য উপাত্ত প্রকাশ করা যাবে না;
- চ. জনমনে অসভ্য বা অশ্রুতিকর মনোভাব সৃষ্টি করতে পারে এমন কোন বিষয় লেখা অডিও বা ভিডিও ইত্যাদি প্রকাশ বা শেয়ার করা যাবে না;
- ছ. ভিত্তিহীন, অসত্য ও অশ্রীল তথ্য প্রচার থেকে বিরত থাকতে হবে;
- জ. অন্য কোন রাষ্ট্র বা রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি সম্পর্কে বিরুদ্ধ মন্তব্য সম্বলিত কোন পোষ্ট, ছবি, অডিও বা ভিডিও আপলোড কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে।

৩। এমতাবস্থায়, সংযুক্ত নির্দেশিকাসহ প্রেরিত নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ করার এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

*মহিউদ্দীন আহমেদ ইসলাম*  
মহিউদ্দীন আহমেদ ইসলাম  
উপপরিচালক (থাক প্রাথমিক)

সংযুক্ত: ক. মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রকাশিত “সরকারী প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ)”  
খ. জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক “সরকারী প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ)”

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১. পরিচালক/প্রকল্প পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২. উপপরিচালক/বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/প্রাথমিক শিক্ষা..... বিভাগ।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/স্কুলিনিটেনডেট, পিটিআই (সকল ..... জেলা)।
৪. উপজেলা/থানা শিক্ষা অফিসার/ইস্টার্টের, ইউআরসি, (সকল ..... জেলা)।
৫. মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. অতিরিক্ত মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মিরপুর-২, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিধি:৪ শাখা

[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নম্বর - ০৫০০.০০০০.১৭৩.০৮.০১৪,০৭-১৩৬

তারিখ: ২৪ বৈশাখ ১৪২৭  
০৭ মে ২০২০

পরিপন্থ

বিষয়: 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা'। ২০১৯ (পরিমার্জিত সংক্রমণ)। অনুসরণ।

সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারকারীদের সম্পর্ক সচেতনতা বৃদ্ধি ও এর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিড়াগ কর্তৃক 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা'। ২০১৯ (পরিমার্জিত সংক্রমণ)। প্রগতি করা হয়। উক্ত নির্দেশিকায় সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সরকারি থিতিষ্ঠান এবং কর্মচারীগণের করণীয় ও বর্জনীয় নির্ধারণ করা এবং একে প্রয়োজনীয় নিরাপত্তা ও গোপনীয়তা নিশ্চিত করার বিষয়ে উল্লেখ করা হয়।

০২। উল্লিখিত নির্দেশিকায় সামাজিক যোগাযোগ মাধ্যমে দোষ্টুরিক প্রৱৎ ব্যক্তিগত একাউন্ট তৈরি করা এবং এতে পরিচাহয়ে বিষয়াদি উল্লেখ রয়েছে। এরপুর নির্দেশনার আলোকে সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/সংস্থা/কাগজচারীগণকে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে নিয়ন্ত্রণ করার বিষয়ে উল্লেখ করা হয়।

- (ক) সামাজিক যোগাযোগের বিভিন্ন মাধ্যমে সরকারি ব্যক্তিগত ক্ষমতা ইয়ে এমন কোনো পোস্ট, ছবি, অডিও বা ভিডিও আগলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিনত থাকতে হবে;
- (খ) জাতীয় প্রকাশ ও চেতনাবৃত্তির পরিপন্থ কোনো রকম তথ্য উপাত্ত প্রকাশ করা থেকে বিনত থাকতে হবে;
- (গ) কোনো সম্প্রদায়ের মধ্যম অনুভূতিতে জাঘাত লাগতে পারে এমন বা ধর্মনিরপেক্ষতার নীতি পরিপন্থ কোনো তথ্য উপাত্ত প্রকাশ করা যাবে না। সম্প্রদায়িক সম্প্রীতি বিনট বা জাহিন শুভালার অবনতি ঘটিতে পারে তারপুর কোনো পোস্ট, ছবি, অডিও বা ভিডিও আগলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিনত থাকতে হবে;
- (ঘ) জাতীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি প্রতিষ্ঠান বা অন্য কোনো সার্ভিস/প্রেশারে হেয় প্রতিপন্থ করে এগন কোনো পোস্ট দেয়া হুতে বিনত থাকতে হবে;
- (ঙ) লিঙ্গ বৈশম্য বা এ সংক্রান্ত বিতর্কসূলক কোনো তথ্য উপাত্ত প্রকাশ করা যাবে না;
- (চ) জনসনে অসভ্য বা অপ্রীতিকর মনোভাব সৃষ্টি করতে পারে এমন কোনো রিয়েল লেখা, অডিও বা ভিডিও ইত্যাদি প্রকাশ বা শেয়ার করা যাবে না;
- (ছ) ডিপ্তিহীন, অসত্ত ও অশীল তথ্য প্রচার হতে বিনত থাকতে হবে;
- (জ) অন্য কোনো রাষ্ট্র বা রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি সম্পর্কে বিপুর্ণ মন্তব্য সম্বলিত কোনো পোস্ট, ছবি, অডিও বা ভিডিও আগলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিনত থাকতে হবে।

০৩। সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে 'কটেজ' ও 'ফ্রেন্ট' সিলেকশনে সকলকে সর্তকতা অবলম্বন এবং অপ্রয়োজনীয় ট্যাগ, রেফারেন্স বা শেয়ার করা পরিহার করতে হবে। সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার বা নিজ একাউন্টের স্বত্ত্বাধীন কুন্টের জন্য সংশ্লিষ্ট ক্রয়চারী রাজিগতভাবে দায়ি হিন্দেন এবং সে জন্য প্রচলিত জাহিন ও বিমি-বিধান অনুমতি ব্যবস্থা গ্রহণ করা হবে।

কোজী মোহাম্মদ সাইফুল ইসলাম

উপসচিব

ফোন: ০২-৯৫১৪৪৯৯২

ইমেইল: [reg4@mopa.gov.bd](mailto:reg4@mopa.gov.bd)

নম্বর -০৫,০০,০০০০,১৭৩,০৮,০১৪,০৭-১৫৭(১০০)

তারিখ:

২৪ বৈশাখ ১৪২৭  
০৭ মে ২০২০

অনুলিপি: সদয় অবগতি / অবগতি ও প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (ফ্লাউটার ডিপ্টিকে নয়):

- ১। প্রতিপরিষদ সচিব, প্রতিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। গভর্নর, বাংলাদেশ বাংক, মর্টিগেজ, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব/সচিব মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
- ৫। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেক্রিয়ারি, ঢাকা।
- ৬। প্রধান উৎ অফিসার, উৎ অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
- ৭। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুরীয় কেট, ঢাকা।
- ৮। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)।
- ১০। প্রধানমন্ত্রীর একাত্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
- ১২। প্রতিমন্ত্রীর একাত্ত সচিব, আনন্দশাস্ত্র মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদর্য অবগতির জন্য)।
- ১৩। সচিবের একাত্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। সিনিয়র সিলেক্ট এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।

০৭/০৫/২০২০  
(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)  
উপসচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯

(পরিমার্জিত সংস্করণ)

মন্ত্রিপরিষদ রিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯

### ১. ভূমিকা:

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রসারের সঙ্গে সঙ্গে পৃথিবীব্যাপী সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের জনপ্রিয়তা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশেও বাতিল এবং প্রাতিষ্ঠান পর্যায়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের এ প্রবণতা লক্ষণীয়। সরকারি প্রতিষ্ঠানসমূহ নাগরিক সেবা প্রদানে সমস্যা পর্যালোচনা, জনসচেতনতা বৃদ্ধিতে প্রচারণা এবং সর্বোপরি জনবাক্তব্য প্রশাসন ব্যবস্থা নিশ্চিতকরণের কার্যক্রমে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করছে। যা ইতোমধ্যে বিভিন্ন মহলে প্রশংসিত হয়েছে। অপরদিকে, সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে কিছু স্বার্থাবেষী ব্যক্তি বা প্রতিষ্ঠান নানা ধরনের অসত্য তথ্য প্রকাশ করে অস্থিরতা সৃষ্টির অপচেষ্টায় লিপ্ত রয়েছে। ফলে সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহারকারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি ও সুস্থ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বর্তমান প্রোকাগটে ২০১৬ সালে জারিকৃত নির্দেশিকাটি পরিমার্জনের আবশ্যিকতা দেখা দেয়। এ পরিপ্রেক্ষিতে উক্ত নির্দেশিকাটির পরিমার্জিত সংস্করণ ‘সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯’ প্রণয়ন করা হয়।

### ২. সংজ্ঞা:

(ক) ‘সামাজিক যোগাযোগ মাধ্যম’ অর্থ কম্পিউটার বা ডিজিটাল ডিভাইস ইন্টারনেট ব্যবহারের মাধ্যমে পারস্পরিক যোগাযোগের উদ্দেশ্যে তথ্য-উপাত্ত (টেক্সট, ইমেজ, অডিও, ভিডিও ইত্যাদি) আদান-প্রদানের একটি প্লাটফরম।

(খ) ‘সরকারি প্রতিষ্ঠান’ অর্থ কোনো আইন, বিধি বা সরকারি আদেশ বলে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সংস্থা অথবা সরকারের মালিকানা বা নিয়ন্ত্রণাধীন কোনো প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ।

(গ) ‘ডিজিটাল ডিভাইস’ অর্থ কোনো ইলেক্ট্রনিক, ডিজিটাল, ম্যাগনেটিক, অপটিক্যাল বা তথ্য প্রক্রিয়াকরণ যন্ত্র বা সিস্টেম, যা ইলেক্ট্রনিক, ডিজিটাল, ম্যাগনেটিক বা অপটিক্যাল ইমপালস ব্যবহার করে যৌক্তিক, গান্ধিতিক এবং সৃষ্টি কার্যক্রম সম্পন্ন করে, এবং কোনো ডিজিটাল বা কম্পিউটার ডিভাইস সিস্টেম বা কম্পিউটার নেটওয়ার্কের সঙ্গে সংযুক্ত, এবং সকল ইনপুট, আউটপুট, প্রক্রিয়াকরণ, সংশ্লিষ্টি, ডিজিটাল ডিভাইস সফটওয়্যার বা যোগাযোগ সুবিধাদিও এর অন্তর্ভুক্ত হবে।

### ৩. নির্দেশিকা জারির উদ্দেশ্য ও অধিক্ষেত্র:

#### ৩.১ উদ্দেশ্য:

- ক. সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যমের কার্যকর ব্যবহার নিশ্চিত করা;
- খ. সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সরকারি প্রতিষ্ঠান এবং কর্মচারীগণের করণীয় ও বর্জনীয় নির্ধারণ করা; এবং
- গ. সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে প্রযোজনীয় নিরাপত্তা ও গোপনীয়তা নিশ্চিত করা।

### ৩.২. অধিক্ষেত্র:

এ নির্দেশিকাটি সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর, সংস্থা, কমিশন, স্বায়ত্ত্বাস্তু প্রতিষ্ঠান, রাষ্ট্রীয়ত কোম্পানী, মাঠ পর্যায়ের অফিস, শিক্ষা প্রতিষ্ঠান, প্রশিক্ষণ কেন্দ্র, স্থাপনা এবং গণকর্মচারীগণ কর্তৃক সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

### ৪. সামাজিক যোগাযোগের মাধ্যম নির্বাচন:

বর্তমানে বিভিন্ন ধরনের সামাজিক যোগাযোগ মাধ্যম রয়েছে, যেমন: ইলেক্ট্রনিক সেলফোন, ফেসবুক, টুইটার, গুগল প্লাস, ফ্লাইপ, ডাইবার, হোয়াস্টেল্যাপ, সিগন্যাল, ইডিউব, উইচাট, ইনস্টাগ্রাম, ম্যাসেঞ্জার, ইম্বু ইত্যাদি। অনেকক্ষেত্রে একজন ব্যবহারকারী একাধিক মাধ্যমে ব্যবহার করতে পারেন। এছাড়া কোনো কোনো মাধ্যমের মধ্যে প্রারম্ভিকভাবে সংযোগ বা সমষ্টয়ের সুবিধাও রয়েছে। এসব যোগাযোগ মাধ্যম তথা প্লাটফরমের ভিত্তিতে অনুযায়ী এগুলোর বৈশিষ্ট্য, সুবিধা, অভিষ্ঠগোষ্ঠী, ব্যবহারের শর্তাবলি, তথ্যের গোপনীয়তা ইত্যাদিরও ভিত্তিতে রয়েছে। সরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে উদ্দেশ্য, কর্মপরিধি ও কর্মকোশল, অভিষ্ঠগোষ্ঠী ও অংশীজন, পদ্ধতি ও সংস্কৃতি ইত্যাদি বিবেচনায় রেখে সংশ্লিষ্ট মাধ্যমের নিয়ম ও শর্তাবলি পর্যালোচনা করে উপযুক্ত এক বা একাধিক সামাজিক যোগাযোগ মাধ্যম নির্বাচন করা যেতে পারে।

### ৫. সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার:

নিম্নরূপ প্রাতিষ্ঠানিক কার্যক্রমে কাজে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করা যেতে পারে:

- ক. নেটওয়ার্কিং ও মতবিনিময় (অভ্যন্তরীণ ও বহিঃ);
- খ. নাগরিক সেবা প্রদানে সমস্যা পর্যালোচনা ও সমাধান;
- গ. জনসচেতনতা ও প্রচারণা;
- ঘ. নাগরিক সেবা সহজিকরণ ও উত্তীবন;
- ঙ. নীতি নির্ধারণ ও সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় জনগণের অংশগ্রহণ;
- চ. জনবাস্তব প্রশাসন ব্যবস্থা নিশ্চিতকরণ; এবং
- ছ. নাগরিক সেবা প্রদানের মতুন মাধ্যম ইত্যাদি।

### ৬. একাউন্ট ব্যবস্থাপনা:

#### ৬.১. দাখলিক একাউন্ট ব্যবস্থাপনা:

সরকারি প্রতিষ্ঠানসমূহ সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতিষ্ঠানের জন্য একাউন্ট তৈরি ও ব্যবস্থাপনার ক্ষেত্রে নিম্নের বিষয়গুলো অনুসরণ করবে:

- ক. দপ্তরের একাউন্ট বা পেজের ব্যক্তি বা পদবির পরিবর্তে সংশ্লিষ্ট দপ্তর বা প্রতিষ্ঠানের নামে হবে। তবে, একাউন্ট তৈরির ক্ষেত্রে সিঁটেমে ব্যক্তির নাম প্রদান করা অপরিহার্য হলে ব্যক্তির নামের পাশাপাশি সুল পেজের ব্যানারে প্রতিষ্ঠানের নাম ও লোগো থাকতে হবে।

খ. মূল পেজের ব্যানারে অথবা দৃষ্টিগ্রাহ্য স্থানে উক্ত মাধ্যম ব্যবহারের উদ্দেশ্য, অভীষ্ঠগোষ্ঠী (অভিয়েস) ও ব্যবহারকারী সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা থাকবে।

গ. প্রতিষ্ঠানের পক্ষে দায়িত্বপ্রাপ্ত কোন ব্যক্তি বা ৩/৫ সদস্যের একটি টিম উক্ত ইউজার একাউন্টের এডমিন বা মডারেটর বা কর্তৃপক্ষ হিসাবে দায়িত্ব পালন করবে।

ঘ. দাপ্তরিক পেইজের ব্যানার বা প্রোফাইল পিকচারে কোনো ব্যক্তিগত বা পারিবারিক ছবি ব্যবহার করা যাবে না।

ঙ. একাউন্টের নিরাপত্তার জন্য শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করতে হবে এবং এডমিন/মডারেটর/কর্তৃপক্ষ নিরাপত্তার স্বার্থে তা' সময়ে সময়ে পরিবর্তন করবেন।

চ. সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের উদ্দেশ্য বিবেচনায় এবং প্রতিষ্ঠানের সিদ্ধান্তের আলোকে এর কটেজ প্রদর্শন, মন্তব্য/মতামত জাপন, সংস্য হিসাবে অন্তর্ভুক্তি, প্রবেশাধিকার, প্রাইভেসি ইত্যাদি বিষয়ের সেটিংস সংশ্লিষ্ট এডমিন/মডারেটর/কর্তৃপক্ষ কর্তৃক নির্বাচন করা হবে।

ছ. সামাজিক যোগাযোগ মাধ্যমের যে প্লাটফর্ম ব্যবহার করা হবে তার নিয়ম ও শর্তাবলি অবশ্যই গালন করতে হবে, যাতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে এর জন্য কোন অনভিপ্রেত অবস্থার সম্মুখীন হতে না হয়।

জ. সোশ্যাল মিডিয়া পেজকে দাপ্তরিক নিজস্ব ওয়েবসাইটের সঙ্গে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে। তবে, সামাজিক যোগাযোগ মাধ্যমকে দাপ্তরিক ওয়েবসাইটের বিকল্প হিসাবে বিবেচনা করা হবে না।

ঝ. সামাজিক যোগাযোগ মাধ্যমকে সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (Grievance Redress System)-এর সঙ্গে সময়িত করতে হবে।

ঞ. দাপ্তরিক যোগাযোগের 'সময়' চিঠিপত্রসহ অন্যান্য যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে লেটার হেড-এ প্রতিষ্ঠানের দাপ্তরিক ঠিকানার সঙ্গে বর্তমানে ব্যবহৃত ওয়েব ঠিকানার পাশাপাশি সামাজিক যোগাযোগ মাধ্যমের নিজস্ব ঠিকানাটি ও ব্যবহার করতে হবে।

## ৬.২ ব্যক্তিগত একাউন্ট ব্যবস্থাপনা:

সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যক্তিগত একাউন্ট তৈরি ও ব্যবস্থাপনার ক্ষেত্রে নিম্নের বিষয়গুলো অনুসরণ করতে হবে:-

ক. ব্যক্তিগত একাউন্ট পরিচালনার ক্ষেত্রে দায়িত্বশীল নাগরিকসূলভ আচরণ ও অনুশাসন মেমে চলতে হবে;

খ. কটেজ ও 'ফ্রেন্ড' সিলেকশনে সতর্কতা অবলম্বন এবং অপ্রয়োজনীয় ট্যাগ, রেফারেন্স বা শেয়ার করা পরিহার করতে হবে;

গ. সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার বা নিজ একাউন্টের ক্ষতিকারক কটেজ-এর জন্য সংশ্লিষ্ট কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী হবেন এবং সে জন্য প্রচলিত আইন ও বিধি-বিধান অনুযায়ী ব্যবস্থা গৃহীত হবে; এবং

ঘ. একাউন্টের নিরাপত্তার জন্য শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করতে হবে এবং নিরাপত্তার স্বার্থে তা' নিয়মিত পরিবর্তন করতে হবে;

#### ৭. সামাজিক যোগাযোগ মাধ্যমের বিষয়বস্তু ব্যবহারণা:

- সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রদেয়/প্রদত্ত বিষয়বস্তু অবশ্যই সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উদ্দেশ্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে। এক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করতে হবে:
- ক. সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত ব্য টেক্সট, ফটো, অডিও, ভিডিও, ইত্যাদি গুরুত্বের সঙ্গে নির্বাচন ও বাছাই করতে হবে। কর্তৃপক্ষ বিষয়বস্তুর উপরুক্ততা সম্পর্কে নিশ্চিত হয়ে প্লাটফরমে তা “প্রকাশের অনুমতি” প্রদান করবেন;
  - খ. নিজস্ব পোস্টে প্রদত্ত তথ্য ও উপাত্তের যথার্থতা ও নির্ভরযোগ্যতা সম্পর্কে নিশ্চিত হতে হবে;
  - গ. ব্যক্তিগত বা পারিবারিক বিষয়াদি-সংশ্লিষ্ট কোনো কন্টেন্ট (টেক্সট, ফটো, অডিও ও ভিডিও ইত্যাদি), দাপ্তরিক সামাজিক যোগাযোগ মাধ্যমে কোনো ক্রমেই পোস্ট, আপলোড বা শেয়ার করা যাবে না;
  - ঘ. সামাজিক যোগাযোগের বিভিন্ন মাধ্যমে সরকার বা রাষ্ট্রের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়ে এমন কোনো প্রকাশ ডাপলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে; এবং
  - ঙ. গুরুত্বপূর্ণ কন্টেন্টসমূহের আর্কাইভিং, পুনঃপ্রদর্শন, ও শেয়ারিং উৎসাহিত করতে হবে।

#### ৮. হালনাগাদকরণ ও সাড়া প্রদান:

- ক. প্রতিষ্ঠানের পক্ষে কর্তৃপক্ষ নিয়মিত নিজ সাইট হালনাগাদ/ সাড়া (response) প্রদান করবেন;
- খ. প্রতিষ্ঠানের পক্ষে এডমিন/মডারেটর/কর্তৃপক্ষ যুক্তিসংজ্ঞাত সময়ের মধ্যে সামাজিক যোগাযোগ মাধ্যমে উৎপাদিত সমস্যা, মন্তব্য বা প্রশ্নের বিষয়ে সাড়া প্রদান করবেন; এবং
- ঘ. জনপ্রশাসনে নাগরিক-সম্পূর্ণ উৎসাহিত করার লক্ষ্য সম্বল ক্ষেত্রে জনসাধারণ বা অধীজন কর্তৃক পোস্ট প্রদানকে উৎসাহিত করতে হবে। এক্ষেত্রে নাগরিক কর্তৃক পোস্টকৃত বিষয় গুরুত্বের সঙ্গে পর্যালোচনা ও সাড়া প্রদান নিশ্চিত করতে হবে।

#### ৯. সরকারি আইন ও বিধি-বিধানের প্রযোজ্যতা:

সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে দেশের প্রচলিত সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধান প্রযোজ্য হবে।

#### ১০. পরিহারযোগ্য বিষয়াদি:

- সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্মাণ বিষয়সমূহ প্রকাশ করা যাবে না:
- ক. জাতীয় ঐক্য ও চেতনার পরিপন্থী কোনো রকম তথ্য-উপাত্ত;
  - খ. কোন সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগতে পারে এমন বা ধর্মনিরপেক্ষতার নীতি পরিপন্থী কোনো তথ্য-উপাত্ত;
  - গ. রাজনৈতিক মতাদর্শ বা আলোচনা-সংশ্লিষ্ট কোনো তথ্য-উপাত্ত;
  - ঘ. বাংলাদেশ বসবাসকারী কোনো ক্ষুদ্র জাতিসভা; ন-গোষ্ঠী, বা সম্প্রদায়ের প্রতি বৈষম্যমূলক বা হেয় প্রতিপন্মূলক

**তথ্য-উপাত্ত;**

- ৬. কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা বাস্টকে হেয় প্রতিপন্থ করে এমন তথ্য-উপাত্ত;
- ৭. লিঙ্গ বৈষম্য বা এ.সংক্রান্ত বিতর্কমূলক কোনো তথ্য-উপাত্ত;
- ৮. জনমন্তব্য অসংগোষ্ঠী বা অপ্রাপ্তিকর মনোভাব সৃষ্টি করতে পারে এমন কোনো বিষয়, লেখা, অডিও বা ভিডিও ইত্যাদি।
- ৯. আত্ম-প্রচারণামূলক কোনো পোস্ট; এবং
- ১০. ভিত্তিহীন, অসত্য ও তাঙ্গীল তথ্য প্রচার।

**১১. পরিবীক্ষণ:**

- ক. প্রতিটি সরকারি প্রতিষ্ঠান নিয়মিতভাবে ত্রৈয়াসিক ভিত্তিতে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের কার্যক্রম পরিবীক্ষণ করবে।
- খ. প্রতিটি সরকারি প্রতিষ্ঠান সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার-সংক্রান্ত সচেতনামূলক বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও করণীয় নির্ধারণ করবে।

**১২. স্পষ্টীকরণ:**

- এ নির্দেশিকা অনুসরণে কোনো সমস্যা বা কোনো অনুচ্ছেদের বিষয়ে ব্যাখ্যা প্রয়োজন হলে মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার ইউনিট-এর মধ্যে আনয়ন করা যেতে পারে।